# পাকা বাড়ি নেই? এখনও বাড়িতে সমীক্ষা হয়নি?

# ঘরে বসেই আবেদন করুন প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) এর বাড়ির জন্য

পশ্চিমবঙ্গ জুড়ে AwaasPlus 2024 সমীক্ষা চলছে। ইতিমধ্যেই তাতে ৩৫ লক্ষেরও বেশি পরিবারের সমীক্ষা সম্পন্ন হয়েছে।

যদি আপনার পরিবার PMAY-G-এর জন্য যোগ্য হয় এবং পাকা বাড়ি না থেকে থাকে - তাহলে অপেক্ষা না করে নিজের বা প্রতিবেশীর স্মার্টফোন থেকে নিজের সমীক্ষা নিজেই করুন।

**কীভাবে করবেন?**

১. আপনার Android Smartphone-এ দুটি App ইনস্টল করুন - (i) Awaas Plus 2024 ও (ii) AadhaarFaceRD

২. Awaas Plus 2024 App খুলে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।

৩. Aadhaar Number ব্যবহার করে Registration ও Face Authentication সম্পন্ন করুন।

৪. নিজের ও পরিবারের সদস্যদের প্রয়োজনীয় তথ্য এবং প্রযোজ্য ক্ষেত্রে Job Card-এর তথ্য পূরণ করুন।

৫. App-এর নির্দেশ অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রদান করুন।

৬. আপনার বর্তমান বাসস্থানের ছবি এবং যেখানে নতুন বাড়ি নির্মাণ করতে চান সেই স্থানের ছবি App-এর মাধ্যমে তুলুন ও আপলোড করুন।

৭. সমস্ত তথ্য সঠিকভাবে পূরণ করার পর Survey Submit/Upload করুন।

**যোগ্য হলে সুযোগ হাতছাড়া করবেন না। আবেদনের শেষ তারিখ - ৩১ আগস্ট ২০২৬।**

**আজই সুযোগটি গ্রহণ করুন—এই সুযোগ হাতছাড়া হলে পরবর্তী সুযোগের জন্য অপেক্ষা করতে হতে পারে দীর্ঘ সময়।**

**বিশেষ দ্রষ্টব্য:** Survey-তে অন্তর্ভুক্তি আবাসের সুবিধা পাওয়ার নিশ্চয়তা নয়। PMAY-G-এর নির্ধারিত যোগ্যতার শর্ত ও যাচাই সাপেক্ষে পরিবার বিবেচিত হবে।

**জনস্বার্থে প্রচারিত**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**পশ্চিমবঙ্গ সরকার**